দেশ-বিদেশ ও রাজ্যের খবর

ধর্মান্তরকরণের চেষ্টা, রাজি না হওয়ায় তরুণী খুন লখনউয়ে

লখনউ: ধর্মান্তরকরণের চেষ্টা। আর তাতে রাজি না হওয়াতেই পাঁচতলা আবাসন থেকে ধাক্কা মেরে খুন। উত্তরপ্রদেশের লখনউয়ে দুবাগ্গা থানা এলাকায় মঙ্গলবার এই ঘটনা ঘটে। লখনউয়ের যুগ্ম কমিশনার পীযূষ মরদিয়া বলেন, ওই তরুণীর পরিবারের অভিযোগ, সুফিয়ান তাঁদের মেয়ের সঙ্গে বন্ধুত্ব পাতিয়ে জোর করে ধর্মান্তরকরণের চেষ্টা করেছিল। কিন্তু ওই তরুণী রাজি না হওয়ায় পাঁচতলা থেকে তাঁকে ধাক্কা মেরে ফেলে দেয়। পুলিস জানিয়েছে, সুফিয়ান ওই তরুণীকে একটি মোবাইল ফোন দিয়েছিল। কিন্তু দু'জনের সম্পর্ক তরুণীর পরিবার জানতে পেরে যায়। তাঁরা সুফিয়ানের বাড়িতে মঙ্গলবার আলোচনার জন্য যান। দুই পরিবারের কথাবার্তা চলাকালীনই তরুণীকে বারান্দায় ডেকে নিয়ে যায় সুফিয়ান। তারপর ধাক্কা মেরে ফেলে দেয়। কিন্তু সকলের নজর এড়িয়ে সেখান থেকে সে পালিয়ে যায়।

শ্রদ্ধাকে খুনের পরও ব্যাঙ্ক লেনদেন, ধরিয়ে দিল অভিযুক্তকে

আফতাবের নারকো টেস্টের অনুমতি

নয়াদিল্লি: শ্রদ্ধা ওয়াকার হত্যাকাণ্ডের রহস্য আরও ঘনীভূত হচ্ছে। খুনের রহস্য উদঘাটনে আফতাব পুনাওয়ালার নারকো টেস্টের অনুমতি দিল দিল্লির আদালত। লিভ-ইন পার্টনার শ্রদ্ধা খুনের তদন্তে সহযোগিতা করছে না আফতাব, আদালতে জানিয়েছিল দিল্লি পুলিস। মঙ্গলবারই তার নারকো পরীক্ষার আবেদন জানানো হয়েছিল। বুধবার সেই আবেদন মঞ্জুর করল আদালত। পুলিস জানিয়েছে, শীঘ্রই ধৃতের নারকো টেস্ট করানো হবে। তবে রাজধানীর বুকে নৃশংস এই খুনের তদন্ত সিবিআইয়ের হাতেও তুলে দেওয়ার সম্ভাবনা রয়েছে বলে মনে করছেন আইনজীবীদের একাংশ।

আফতাব শুধু মার্কিন ওয়েব সিরিজ 'ডেক্সটার' দেখে শ্রদ্ধাকে খুনের পরিকল্পনা করেছিল, এমনটা নয়। ১২ বছর আগে দেরাদুনে স্বামীর হাতে খুন হন অনুপমা গুলাটি। তাঁর দেহ ৭০ টুকরো করে তিনমাস ফ্রিজে রেখে দিয়েছিল অভিযুক্ত রাজেশ। বিচারে তার যাবজ্জীবন কারাদণ্ড হয়েছিল। আফতাবের ইন্টারনেট সার্চ হিস্ট্রি বলছে, প্রেমিকাকে খুনের এক যুগ আগের এই হত্যাকাণ্ড নিয়ে ভালোরকম পড়াশোনা করেছিল সে। সেইমতো প্রমাণ লোপাট করতে শ্রদ্ধার দেহের ৩৫টি টুকরো করে ৩০০ লিটারের একটি ফ্রিজে সে লুকিয়ে রাখে।

খুনের পরও শ্রদ্ধার সোশ্যাল মিডিয়ায় অ্যাকাউন্ট ও ব্যাঙ্ক লেনদেন সচল রেখেছিল আফতাব। গত অক্টোবর মাসে মুম্বইয়ের ভাসাইয়ের মানিকপুর থানায় নিখোঁজ ডায়েরি করেন শ্রদ্ধার বাবা বিকাশ ওয়াকার। সেই সূত্রে গত ২৬ অক্টোবর আফতাবকে জিজ্ঞাসাবাদের জন্য ডেকেছিল পুলিস। তখন সে জানিয়েছিল, ২২ মে ঝগড়ার পর দিল্লির ছত্তরপুরের তাঁদের ভাড়া করা ফ্ল্যাট ছেড়ে বেরিয়ে যায় শ্রদ্ধা। এমনকী, যাওয়ার সময় শ্রদ্ধা তাঁর মোবাইল জামাকাপড় এবং অন্যান্য জিনিসপত্র ফ্ল্যাটে রেখে যান। আদতে আফতাবের ওই বয়ান ছিল মিথ্যে। শুধু বিয়ের জন্য চাপ নয়, গৃহস্থালির জিনিসপত্র কেনা নিয়েও প্রায়শই শ্রদ্ধা-আফতাবের মধ্যে ঝগড়া হতো। গত ১৮ মে অর্থাৎ খুনের দিন সেই ঝগড়া চরমে পৌঁছয় বলে জানতে পেরেছেন তদন্তকারীরা। পুলিসের অনুমান, রাত ৮টা থেকে ১০টার মধ্যে ঘটে এই ঘটনা। পরদিন সকাল পর্যন্ত ওই ঘরেই পড়েছিল শ্রদ্ধার দেহ। বেলায় ফ্ল্যাট থেকে বেরিয়ে আফতাব ছুরি এবং ফ্রিজ কিনে আনে।

তদন্তকারীদের দাবি, শ্রদ্ধার মোবাইলের ডিজিটাল ব্যাঙ্কিংয়ের পাসওয়ার্ড আফতাবের জানা ছিল। গত ২২ থেকে ২৬ মে'র মধ্যে প্রেমিকার ব্যাঙ্ক অ্যাকাউন্ট থেকে আফতাব নিজের অ্যাকাউন্টে ৫৪ হাজার টাকা ট্রান্সফার করেছিল। ওই লেনদেনের লোকেশন ছিল মেহরৌলির ছত্তরপুর এলাকা! গত ৩ নভেম্বর আফতাবকে ফের থানায় ডেকে পাঠায় পুলিস। তখন সে টাকা ট্রান্সফারের কথা স্বীকার করে নেয়। প্রেমিকার ক্রেডিট কার্ডের বিল মেটানোর জন্যই এমনটা করেছিল বলে তখন সে জানিয়েছিল। শুধু তাই নয়, শ্রদ্ধার ইনস্টাগ্রাম থেকেও তাঁর বন্ধুদের সঙ্গে চ্যাট করত আফতাব। ৩১ মে ফোনের চ্যাট লোকেশন ছিল মেহরৌলি। এমনকী, ১৮ মে'র ১০ দিন আগেই প্রেমিকাকে খুন করবে বলে ঠিক করে নিয়েছিল সে। কিন্তু শ্রদ্ধা ঝগড়ার পর কান্নাকাটি করায় আবেগপ্রবণ হয়ে পড়ে আফতাব। আর সেদিনের পরিকল্পনা ভেস্তে যায়। • *শ্রদ্ধা ওয়াকার*

মর্মাহত বাম্বল

নয়াদিল্লি: অনলাইন ডেটিং অ্যাপ 'বাম্বল'-এর মাধ্যমে শ্রদ্ধার সঙ্গে পরিচয় আফতাব পুনাওয়ালার। সেই সূত্রে ২০১৯ সাল থেকে লিভ-ইনে থাকতে শুরু করে তারা। এরপর এবছরের ১৮ মে আফতাবের হাতে নৃশংসভাবে খুন হন শ্রদ্ধা। এহেন অপরাধের ঘটনা শোনার পর রীতিমতো 'বিধ্বস্ত' বাম্বল টিম। এই হত্যাকাণ্ডের তদন্তে পুলিসকে সবরকম সহযোগিতা করবে বলে জানিয়েছে সংস্থাটি। বাম্বলের এক মুখপাত্র বলেন, 'এধরনের নৃশংস হত্যাকাণ্ডের কথা জানতে পেরে বাম্বলের সবাই মর্মাহত। আমরা এই কঠিন সময়ে শ্রদ্ধার পরিবারের পাশে রয়েছি। তাঁর পরিবারকে সমবেদনা জানাই।' পাশাপাশি সদস্যদের নিরাপত্তা ও সুস্থতাকে অগ্রাধিকার দেওয়া হয় বলে জানানো হয়েছে।

প্রাপ্তবয়স্ক হিসেবেই অভিযুক্তের বিচার হবে, জানাল সুপ্রিম কোর্ট

নয়াদিল্লি: কাঠুয়া গণধর্ষণ ও খুনের মামলায় অন্যতম অভিযুক্ত শুভম সাঙ্গরার বিচার হবে একজন প্রাপ্তবয়স্ক হিসেবেই। এর আগে তাকে 'নাবালক' বলেই রায় দিয়েছিল নিম্ন আদালত। কাঠুয়ার চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেটের রায় বহাল ছিল জম্মু-কাশ্মীর হাইকোর্টেও। নিম্ন আদালত ও উচ্চ আদালতের রায় ছিল, অপরাধের সময় অভিযুক্ত ছিল নাবালক। তাই, তার বিচার আলাদাভাবে জুভেনাইল আদালতেই হবে। কিন্তু, মেডিক্যাল রিপোর্টের ভিত্তিতে সুপ্রিম কোর্ট সেই রায় খারিজ করে দিল। বুধবার বিচারপতি অজয় রাস্তোগি ও বিচারপতি জে বি পারদিওয়ালার বেঞ্চ জানিয়েছে, ডাক্তারি পরীক্ষার রিপোর্ট অনুযায়ী অপরাধের সময় অভিযুক্ত ছিল প্রাপ্তবয়স্ক। এদিন বিচারপতিরা বলেছেন, উপযুক্ত প্রমাণ সংক্রান্ত নথি নিয়ে বিতর্ক থাকলে বয়স নির্ধারণের ক্ষেত্রে ডাক্তারি পরীক্ষার রিপোর্টই বিচার্য। সেই রিপোর্টকেই তখন চূড়ান্ত বলে গণ্য করতে হবে। আদালতের

কাঠুয়া গণধর্ষণ

নির্দেশে গঠিত মেডিক্যাল বোর্ডের রিপোর্ট অনুযায়ী, অপরাধের সময় শুভমের বয়স ছিল ১৯ থেকে ২৩ বছরের মধ্যে।

২০১৮ সালের ১০ জানুয়ারি জম্মুর কাঠুয়া গণধর্ষণ ও খুনের ঘটনাটি ঘটে। আট বছরের এক কিশোরীকে অভিযুক্তরা অপহরণ করে গ্রামেরই একটি মন্দিরে আটকে রাখে। অভিযোগ, তাকে মাদক খাইয়ে চারদিন গণধর্ষণ করা হয়। ব্যাপক মারধরের ফলে কিশোরীটির মৃত্যু হয়। জম্মু-কাশ্মীর প্রশাসনের তরফে সিনিয়র আইনজীবী পি এস পাতওয়ালিয়া সর্বোচ্চ আদালতকে জানান, হাইকোর্ট (১১ অক্টোবর, ২০১৯) ভুলবশত ট্রায়াল কোর্টের রায়ই (২৭ মার্চ, ২০১৮) বহাল রেখেছে। কিন্তু, পুরসভা ও স্কুলের রেকর্ডে অভিযুক্তের যে জন্মতারিখ রয়েছে, তা পরস্পর বিরোধী। এরপর ২০২০ সালের ৭ ফেব্রুয়ারি সুপ্রিম কোর্ট জুভেনাইল জাস্টিস বোর্ডে শুভমের বিচারের উপর স্থগিতাদেশ জারি করে। ইতিমধ্যেই এই মামলায় তিন অপরাধীকে যাবজ্জীবনের সাজা দিয়েছে বিশেষ আদালত। আরও তিনজনকে পাঁচ বছরের জেল এবং ৫০ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

GOVERNMENT OF WEST BENGAL
WEST BENGAL MINERAL DEVELOPMENT AND TRADING CORPORATION LIMITED
NOTICE
(LIMITED TENDER ENQUIRY)
Request for Proposal (RFP) from Empaneled MDOs for Selection of Mine Developer and Operator (MDO) for Sand Blocks in various districts of West Bengal. Publication of Tender Documents- 17.11.2022; Last Date for submission of bids- 02.12.2022; Date of auction- 05.12.2022; For further details Please visit: https://www.eauction.gov.in/mdtcl.wb.gov.in Contact Address: WBIIDC Building, 3rd Floor, DI-10, DI Block, Sector-II, Kolkata-700091, Ph. 033-23590073; Email: tenderwbmdtcl@gmail.com
Department of Industry, Commerce & Enterprises, Govt. of West Bengal
ICA-T19484(2)/2022

ডেটস রিকভারি ট্রাইবুনাল কলকাতা (ডিআরটি ১)
১০ম তল, জীবন সুধা বিল্ডিং,
৪২-সি, জওহরলাল নেহরু রোড, কলকাতা- ৭০০ ০৭১
কেস নং.: ওএ/৯৫/২০২০
ডেট রিকভারি ট্রাইবুনাল (প্রসিডিওর) রুলস, ১৯৯৩-এর রুল ৫-এর সাব-রুল (২এ) সহ পঠিত অ্যাক্টের ১৯ ধারার (৪) উপ-ধারাধীনে সমন
ইএক্সএইচ. নং.: ২২২১
পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক
বনাম
সন্তোষ কেজরিওয়াল
প্রতি,
(১) সন্তোষ কেজরিওয়াল, মেসার্স শ্রী লজিস্টিকসের মালিক, পিতা শ্রী নীরঞ্জন লাল কেজরিওয়াল, ৬ প্যারি মোহন পাল লেন, গিরিশ পার্ক, কলকাতা, পশ্চিমবঙ্গ- ৭০০ ০০৭
সমন
যেহেতু ওএ/৯৫/২০২০ ০৩.০৩.২০২১ তারিখে মাননীয় প্রিসাইডিং অফিসার/ রেজিস্ট্রারের সমীপে তালিকাভুক্ত হয়েছিল।
যেহেতু এই মহামান্য ট্রাইবুনাল ঋণ অর্থরাশি টা. ৫৪,০৮,০৩২.৬৮ উসুলের জন্য আপনার বিরুদ্ধে দায়ের করা অ্যাক্ট, (ওএ)-এর ১৯(৪) ধারাধীনে উক্ত দরখাস্ত সাপেক্ষে সমন/ নোটিশ ইস্যু করেছেন (নথিসমূহের প্রতিলিপি সহ দরখাস্ত সংযুক্ত)।
অ্যাক্টের ১৯ ধারার (৪) উপ-ধারানুসারে, বিবাদীগণ হিসেবে আপনাকে নিম্নোক্তানুসারে নির্দেশ দেওয়া হচ্ছে:-
(i) প্রার্থিত রিলিফ কেন মঞ্জুর করা হবে না, সমন জারির ত্রিশ দিনের মধ্যে কারণ দর্শাতে হবে;
(ii) প্রকৃত অ্যাপ্লিকেশনের ক্রমিক নম্বর ৩এ অধীনে দরখাস্তকারী কর্তৃক উল্লিখিত পরিসম্পদ এবং সম্পত্তি ব্যতীত পরিসম্পদ এবং সম্পত্তির বিবরণ উল্লেখ করতে হবে;
(iii) সম্পত্তিসমূহের অ্যাটাচমেন্টের জন্য অ্যাপ্লিকেশনের ডিসপোজাল এবং অমীমাংসিত শুনানি, প্রকৃত অ্যাপ্লিকেশনের ক্রমিক নম্বর ৩এ অধীনে উল্লিখিত সম্পত্তিসমূহ এবং অনুরূপ অন্যান্য সম্পত্তি অথবা সুরক্ষিত সম্পত্তিসমূহ সংক্রান্ত লেনদেন অথবা বিক্রয় থেকে আপনি বঞ্চিত থাকবেন;
(iv) ব্যবসার অর্ডিনারি কোর্স ব্যতীত প্রকৃত অ্যাপ্লিকেশনের ক্রমিক নম্বর ৩এ অধীনে উল্লিখিত অথবা নির্ধারিত অন্যান্য সম্পত্তি এবং পরিসম্পদ এবং/ অথবা যেকোনও সম্পত্তি যার উপর সিকিউরিটি ইন্টারেস্ট সৃষ্ট হয়েছে তা ট্রাইবুনালের আগাম অনুমোদন ব্যতীত বিক্রয়, ইজারা অথবা অন্য কোনভাবে আপনি হস্তান্তর করতে পারবেন না;
(v) ব্যবসার অর্ডিনারি কোর্সে অন্যান্য সম্পত্তি এবং পরিসম্পদ অথবা সুরক্ষিত সম্পত্তিসমূহের বিক্রয় দ্বারা উসুল হওয়া বিক্রয়লব্ধ অর্থের খতিয়ানের জন্য আপনি দায়বদ্ধ এবং উক্ত সম্পত্তিসমূহের উপরে সিকিউরিটি ইন্টারেস্ট ধার্য করা ফিনান্সিয়াল ইন্সটিটিউশন অথবা ব্যাঙ্কের সাথে সংযুক্ত অ্যাকাউন্টে অনুরূপ বিক্রয়লব্ধ অর্থ জমা করতে হবে।
দরখাস্তকারীকে প্রদান করা অনুরূপটির প্রতিলিপি সহ লিখিত বিবৃতি দায়ের করার জন্য এবং ১৮.১১.২০২২ তারিখের বেলা ১০.৩০টায় রেজিস্ট্রারের সমীপে উপস্থিত হওয়ার জন্য আপনাকে নির্দেশ দেওয়া হচ্ছে অন্যথায় আপনার অনুপস্থিতিতেই দরখাস্তটির শুনানি এবং সিদ্ধান্ত গৃহীত হবে।
০১.০৮.২০২২ তারিখে স্বহস্তে এবং এই ট্রাইবুনালের সিলে প্রদত্ত।
স্বাঃ/- রেজিস্ট্রার-ইন-চার্জ
ডেটস রিকভারি ট্রাইবুনাল- ১, কলকাতা
অর্থমন্ত্রক
ভারত সরকার

ট্রুডোর সঙ্গে কথা কাটাকাটি জিনপিংয়ের

বালি (ইন্দোনেশিয়া): সদ্য সমাপ্ত জি ২০ সম্মেলনে প্রকাশ্যে সংঘাত দুই রাষ্ট্রপ্রধানের। আলোচনার বিষয়বস্তু সংবাদমাধ্যমে ফাঁস হওয়া নিয়ে কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডোর সঙ্গে কথা কাটাকাটিতে জড়িয়ে পড়লেন চীনের প্রেসিডেন্ট জি জিনপিং। তাঁদের ঝগড়ার ভিডিও প্রকাশ্যে এসেছে। সেখানেই সংশ্লিষ্ট বিষয়ে অসন্তোষ প্রকাশ করেন চীনের প্রেসিডেন্ট। ট্রুডোকে তিনি বলেন, 'এই কাজটা ঠিক হয়নি। এভাবে আলোচনা হওয়া উচিত ছিল না।' উত্তরে ট্রুডোর বক্তব্য, 'কানাডায় আমরা সবসময় মুক্ত আলোচনায় বিশ্বাস করি। ভবিষ্যতেও আমরা এই নীতি অনুসরণ করে চলব। একসঙ্গে কাজ করব। তবে কিছু বিষয়ে আমরা সহমত নাও হতে পারি।' গত তিন বছরে এই প্রথমবার জি২০ বৈঠকের অবকাশে বৈঠকে বসেছিলেন ট্রুডো ও জিনপিং। ১০ মিনিটের এই বৈঠকে ইউক্রেন-রাশিয়া যুদ্ধ, উত্তর কোরিয়া সহ একাধিক বিষয়ে আলোচনা করেন তাঁরা।

সুনাক-মোদি বৈঠক, বছরে ৩ হাজার ভারতীয় যুবককে ভিসা দেবে ব্রিটেন

লন্ডন: ভারত-ব্রিটেন বাণিজ্য চুক্তি এখনও আলোচনার স্তরে। তবে দীর্ঘ প্রতীক্ষিত ভিসা সমস্যার সমাধান হল বুধবার। ব্রিটেনে কর্মরত বা কাজ করতে ইচ্ছুক ভারতীয়দের ভিসা দেওয়ার ব্যাপারে সবুজ সঙ্কেত দিলেন প্রধানমন্ত্রী ঋষি সুনাক। প্রতি বছর ৩ হাজার ভারতীয় যুবক-যুবতীকে ওই ভিসা দেওয়া হবে। যাঁদের বয়স ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। ভিসার মেয়াদ হবে দু'বছর। ব্রিটিশ সরকারের তরফে জানানো হয়েছে, ভারতই প্রথম এই প্রকল্পের সুবিধা পাচ্ছে। ব্রিটেনের প্রধানমন্ত্রীর দপ্তর থেকে করা একটি টুইটে লেখা হয়েছে, 'ব্রিটেন-ভারত যুব পেশাদার প্রকল্প চূড়ান্ত। এর মাধ্যমে ১৮ থেকে ৩০ বছর বয়সি তিন হাজার ডিগ্রিধারী ভারতীয় নাগরিক ব্রিটেনে এসে দু'বছর বসবাস ও কাজ করার সুযোগ পাবেন।' ইন্দো-প্যাসিফিক অঞ্চলে ব্রিটেনের সঙ্গে সবচেয়ে ভালো সম্পর্ক ভারতের। ব্রিটেনে পড়তে আসা আন্তর্জাতিক পড়ুয়াদের এক-চতুর্থাংশ ভারতীয়। ভারতীয় বিনিয়োগের সুবাদে ব্রিটেনে ৯৫ হাজার কর্মসংস্থান তৈরি হয়।

এই মুহূর্তে জি-২০ গোষ্ঠীর বৈঠকে যোগ দিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ও ঋষি সুনাক ইন্দোনেশিয়ায় রয়েছেন। সেখানে মোদি-সুনাক একটি পৃথক বৈঠক করেন। তার কয়েক ঘণ্টার মধ্যেই ডাউনিং স্ট্রিটের এই ঘোষণা বেশ তাৎপর্যপূর্ণ বলে মনে করছে রাজনৈতিক মহল। ডাউনিং স্ট্রিটের তরফে একটি বিবৃতিতে বলা হয়েছে, দুই দেশের অর্থনৈতিক উন্নয়নের ক্ষেত্রে এটি একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। ভারতীয় বংশোদ্ভূত সুনাক ব্রিটেনের প্রধানমন্ত্রী পদে বসার পর এটাই প্রথম দুই রাষ্ট্র প্রধানের বৈঠক। মোদির দপ্তর সূত্রেও এই দ্বিপাক্ষিক বৈঠকের কথা জানানো হয়েছে। ভিসার পাশাপাশি ভারতের

সঙ্গে ব্রিটেনের বাণিজ্য চুক্তির বিষয়টিও রয়েছে কৌতূহলের কেন্দ্রে। এ প্রসঙ্গে সুনাক জানিয়েছেন, ভারতের সঙ্গে চুক্তির ব্যাপারে তাড়াহুড়ো করে কোনও সিদ্ধান্ত নেওয়া হবে না। তড়িঘড়ি সিদ্ধান্তের বদলে গুণমানকে গুরুত্ব দেওয়া হবে।
• *ইন্দোনেশিয়ার বালিতে জি-২০ সম্মেলনের ফাঁকে সুনাক-মোদির দ্বিপাক্ষিক বৈঠক। ছবি: পিটিআই*

দুর্নীতি নিয়ে সরব দুই প্রাক্তন বিজেপি মুখ্যমন্ত্রী, অস্বস্তিতে গেরুয়া শিবির

দেরাদুন: দুর্নীতি-কমিশন প্রথার বিরুদ্ধে বারবার সরব হয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। এই দুই ইস্যুকে হাতিয়ার করে বিরোধীদের বিরুদ্ধে খড়্গহস্ত হয়েছেন তিনি। এবার একই প্রসঙ্গ টেনে গেরুয়া শিবিরকেই অস্বস্তিতে ফেললেন উত্তরাখণ্ডে বিজেপির দুই প্রাক্তন মুখ্যমন্ত্রী। সম্প্রতি বিজেপি সাংসদ তথা প্রাক্তন মুখ্যমন্ত্রী তিরথসিং রাওয়াতের একটি ভিডিও

উত্তরাখণ্ড

সোশ্যাল মিডিয়ায় ভাইরাল হয়েছে। সেখানে কমিশন-প্রথা নিয়ে তাঁকে সরব হতে দেখা গিয়েছে। তিনি বলছেন, উত্তরপ্রদেশের ঘুষ নেওয়া বন্ধ হয়ে গিয়েছে। কিন্তু, উত্তরাখণ্ডে সব কিছুর জন্য কমিশন বা ঘুষ চাওয়া বহাল তবিয়তে চলছে। উল্লেখ্য, পুষ্কর সিং ধামির আগে খুব অল্প সময়ের জন্য মুখ্যমন্ত্রী পদে বসেছিলেন তিরথসিং। তাঁর সুরে সুর মিলিয়ে রাজ্যে বেলাগাম দুর্নীতি নিয়ে সরব হয়েছেন আর এক মুখ্যমন্ত্রী ত্রিবেন্দ্র সিং রাওয়াতও।

দলের দুই প্রবীণ নেতা দুর্নীতি-কমিশন প্রথার বিরুদ্ধে সরব হওয়ায় বেকায়দায় গেরুয়া শিবির। তড়িঘড়ি ড্যামেজ কন্ট্রোলে নেমেছে শীর্ষ নেতৃত্ব। দুই প্রবীণ নেতার প্রতি তাদের বার্তা, কোনও অভাব অভিযোগ থাকলে দলের মধ্যেই আলোচনা করুন। প্রকাশ্যে কিছু বলার দরকার নেই। দলীয় সূত্রে খবর, ইতিমধ্যে এই ইস্যুতে রাজ্য সভাপতি মহেন্দ্র ভাটের সঙ্গে কথা বলেছে কেন্দ্রীয় নেতৃত্ব। তাঁর মাধ্যমে তিরথ ও ত্রিবেন্দ্রকে বিশেষ বার্তা পাঠানো হয়েছে। তাতে বলা হয়েছে, দু'জনেই দলের প্রবীণ নেতা। তাই তাঁরা প্রকাশ্যে বেফাঁস মন্তব্য করলে দলের ভাবমূর্তি নষ্ট হতে পারে। কোনও বিষয় অপছন্দ হলে দলের অভ্যন্তরেই তা নিয়ে আলোচনা করতে হবে। রাজনৈতিক মহলের মতে, উত্তরাখণ্ড বিজেপিতে বিভিন্ন স্তরে বিরোধ তুঙ্গে। সম্প্রতি প্রাক্তন দুই মুখ্যমন্ত্রী যে মন্তব্য করেছেন, তা সেই বিরোধেরই বহিঃপ্রকাশ।

জি-২০ গোষ্ঠীর সভাপতি ভারত

বালি: জি-২০ গোষ্ঠীর সভাপতির দায়িত্বে ভারত। বালিতে জি-২০ সম্মেলনের শেষে আনুষ্ঠানিকভাবে এই আন্তর্জাতিক সংগঠনের সভাপতিত্বের দায়িত্ব ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির হাতে তুলে দিলেন ইন্দোনেশিয়ার প্রেসিডেন্ট জোকো উইডোডো। ১ ডিসেম্বর থেকে এক বছরের জন্য ভারত এই গোষ্ঠীর সভাপতির দায়িত্ব পালন করবে। জি-২০-এর পরবর্তী সম্মেলন অনুষ্ঠিত হবে ভারতে। এই দায়িত্ব নেওয়ার পর মোদি বলেন, এই সম্মান পাওয়া দেশের প্রত্যেক নাগরিকের কাছে অত্যন্ত সম্মান ও গর্বের ব্যাপার। মোদি জানান, গোষ্ঠীর সব সদস্য দেশের সঙ্গে কাঁধে কাঁধ মিলিয়ে শান্তি প্রতিষ্ঠার জন্য নিরলস কাজ চালিয়ে যাওয়াই ভারতের লক্ষ্য।

ব্যাঙ্ক ধর্মঘটকে সমর্থন একাধিক সংগঠনের

নিজস্ব প্রতিনিধি, কলকাতা: আগামী ১৯ নভেম্বর ব্যাঙ্ক ধর্মঘটের ডাক দিয়েছে কর্মী সংগঠন অল ইন্ডিয়া ব্যাঙ্ক এমপ্লয়িজ অ্যাসোসিয়েশন। তাদের ওই ধর্মঘটকে সমর্থন করল ইউনাইটেড ফোরাম অব ব্যাঙ্ক ইউনিয়নস। এই সংগঠনের আওতায় আছে ব্যাঙ্ক কর্মী ও অফিসারদের ন'টি সংগঠন। এদিকে, গত ১০ নভেম্বর দিল্লিতে কেন্দ্রীয় শ্রম কমিশনারের অফিসে বৈঠক হয় ধর্মঘটী সংগঠন ও ব্যাঙ্ক কর্তৃপক্ষগুলির সঙ্গে। কিন্তু সেখানে সমাধান সূত্র মেলেনি। বুধবারও ব্যাঙ্কগুলির সঙ্গে বৈঠকে বসে ইউনিয়ন। কোনও সুরাহা না মেলায় তারা ধর্মঘটে অনড়।

জি-২০ বৈঠকে মোদিকে স্যালুট জানালেন বাইডেন

নয়াদিল্লি: প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে দেখে স্যালুট করছেন মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন! ইন্দোনেশিয়ার বালিতে জি-২০ বৈঠকের মাঝে এমনই দৃশ্য দেখে অনেকের চোখ কপালে উঠেছে। প্রেসিডেন্ট ট্রাম্পকে জেতানোর জন্য প্রকাশ্যে আর্জি জানিয়েছিলেন মোদি। সেই ট্রাম্প হেরেছেন। বাইডেন ক্ষমতায় আসার পর থেকে নয়াদিল্লির সঙ্গে ওয়াশিংটনের সম্পর্ক আর আগের মতো নেই। রাশিয়া থেকে তেল কেনা নিয়ে সেই সম্পর্ক আরও শীতল হয়েছে। এই অবস্থায় মোদিকে দেখে বাইডেনের স্যালুটের ছবি অনেক সম্ভাবনার জন্ম দিয়েছে। বুধবার বালিতে একটি ম্যানগ্রোভ জঙ্গলে গিয়েছিলেন জি-২০ দেশের রাষ্ট্রনেতারা। সেখানেই প্রধানমন্ত্রীকে দেখে বাইডেনের স্যালুটের ছবি ধরা পড়েছে। মোদিও তাঁকে পাল্টা স্যালুট করেন। টুইটারে বালির জি-২০ বৈঠকের ফাঁকে নেতাদের একাধিক ছবি পোস্ট করেন প্রধানমন্ত্রী। একটিতে দেখা যাচ্ছে, জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে বার্তা দিতে জি-২০ নেতারা ম্যানগ্রোভ চারা রোপণ করছেন। অন্যটিতে মোদি, বাইডেন এবং ইন্দোনেশিয়ার প্রেসিডেন্ট জোকো ইউডোডোর হাতে রয়েছে নিড়ানি।

চার দশকে সর্বোচ্চ মূল্যবৃদ্ধি ব্রিটেনে

লন্ডন: আকাশছোঁয়া মূল্যবৃদ্ধিতে বিধ্বস্ত ব্রিটেন। খাদ্য ও নিত্যপ্রয়োজনীয় পণ্যের দাম হু হু করে বাড়ছে। পাউন্ডের দামে পতন বিপদ আরও বাড়িয়েছে। এরই মধ্যে দেশের মূল্যবৃদ্ধির হার ভেঙে দিল ৪১ বছরের রেকর্ড। অক্টোবর মাসে ব্রিটেনে মুদ্রাস্ফীতির হার পৌঁছল ১১.১ শতাংশে। বুধবার এই পরিসংখ্যান প্রকাশ করেছে ব্রিটেনের অফিস ফর ন্যাশনাল স্ট্যাটিস্টিক্স। শেষবার ১৯৮১ সালে এহেন সঙ্কটের মুখে পড়েছিল ব্রিটিশ অর্থনীতি। অন্যদিকে, আমেরিকায় মূল্যবৃদ্ধির হার কিছুটা কমেছে। সেপ্টেম্বরের ৮.২ শতাংশ থেকে কমে অক্টোবরে তা হয়েছে ৭.৭ শতাংশ।

এমপ্লয়িজ প্রভিডেন্ট ফান্ড অর্গানাইজেশন
(শ্রম এবং রোজগার মন্ত্রক: ভারত সরকার)
আর.ও.: রেড ক্রস রোড, সিটি সেন্টার, দুর্গাপুর- ১৬, পশ্চিম বর্ধমান
পাবলিক নোটিশ
পেনশনার যারা দুর্গাপুর রিজিওনাল অফিস, দুর্গাপুর থেকে এফপিএস'৭১/ইপিএস'৯৫ স্কিমের অধীনে পেনশনভোগী তাদের এতদ্বারা বিজ্ঞাপিত করা হচ্ছে যে, ২৪ এবং ২৫ নভেম্বর ২০২২ তারিখে বেলা ১১.০০টা থেকে বিকাল ০৫.০০টা পর্যন্ত দুই দিন ''পেনশন আদালত'' অনুষ্ঠিত হবে।
পেনশনারগণ যাদের পেনশন সম্বন্ধিত কোনওরূপ অভিযোগ রয়েছে তাদের পিপিও, ব্যাঙ্ক পাস বুক এবং আধারের প্রতিলিপি সহযোগে আদালতে উপস্থিত হওয়ার জন্য নির্দেশ দেওয়া হচ্ছে।
স্বাঃ/-
মুনথাং নুগুলি
রিজিওনাল পি.এফ. কমিশনার-I

Hooghly Zilla R.M.C. invites e-Tender vide **N.I.T. No. 28/ HZRMC/ 2022-2023 Dated 16/11/2022. Last date of submission of Bid- 02/12/2022 up to 1 P.M.** The details of the e-Tenders are available on the website https://www.wbtenders.gov.in
Sd/-
Secretary,
Hooghly Zilla R.M.C

GOVERNMENT OF WEST BENGAL
NADIA ZILLA PARISHAD
Krishnagar, Nadia
E-Tender is invited by the undersigned from the bonafied Contractors for the following works in Nadia district:
NIT- 34/ NZP of 22-23 (Sl- 1 to 10): River front development with community sanitary Complex, sitting arrangement and allied Waste Management works at different pin pointed sites within Ganga riparian area under Kalyani Block. Total estimated cost is Rs. 242.79 lakh. Last date for submission of above-stated e-tenders is 02.12.2022. Please see website: www.wbprd.gov.in or contact to this office.
Sd/-
District Engineer,
Nadia Zilla Parishad
Memo No.: 163(3) DICO/N/ADVT. 2022
Date: 16.11.2022

JAS INFRASTRUCTURE & POWER LIMITED (IN LIQUIDATION)
CIN: U40109WB2002PLC162558
LIQUIDATOR - CA. KANNAN TIRUVENGADAM
(Reg. No. IBBI/IPA-001/IP/P00253/2017-18/10482)
Notice is given to the public in general that the following assets of JAS Infrastructure and Power Limited **(in Liquidation) ("Corporate Debtor")** forming part of the Liquidation Estate are proposed to be sold by the undersigned through e-auction platform in compliance with Regulation 33 (1) of the Insolvency and Bankruptcy Board of India (Liquidation Process) Regulations, 2016 read with its Amendments. The interested applicants may refer to the detailed e-auction process memorandum available at https://nbid.nesl.co.in/app/login or https://jasinfrastructure.co.in

Date of Auction	December 16th 2022
Last Date for Submission of Bid Documents	December 01st 2022
Last Date for Submission of Earnest Money Deposit	December 13th 2022 up to 18:00 Hrs (Indian Standard Time)

Particulars of The Asset	Reserve Price	Earnest Money Deposit
Asset Lot 1 - Sale of land and building located at District Banka of Bihar.	INR 18,94,01,500.00 (Rupees Eighteen Crores Ninety Four Lakhs OneThousand Five Hundred Only)	INR 50,00,000.00 (Rupees Fifty Lakhs Only)
Asset Lot 2 - Sale of the land located Bhandara, Maharashtra.	INR 5,13,500.00 (Rupees Five Lakhs Thirteen Thousand Five Hundred Only)	INR 50,000.00 (Rupees Fifty Thousand Only)

I. E-Auction will be held for sale of assets of the Corporate Debtor on a SLUMP SALE BASIS on an "AS IS WHERE IS BASIS", "AS IS WHAT IS BASIS", "WHATEVER THERE IS BASIS" AND "NO RECOURSE BASIS without any representation, warranty or indemnity and will be conducted "online".
II. This Notice shall be read in conjunction with the Sale Process Memorandum dated November 17th 2022 containing